# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৬৭৯

পর্ব-১১: হজ্জ (كتاب المناسك)

পরিচ্ছেদঃ ১১. প্রথম অনুচ্ছেদ - ইহরাম অবস্থায় যা থেকে বেঁচে থাকতে হবে

## بَابُ مَا يَجْتَنِبُهُ الْمُحْرِمُ

### আরবী

وَعَنِ ابْنِ عَبَّاسٍ قَالَ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَخْطُبُ وَهُوَ يَقُولُ: «إِذَا لَمْ يَجِدِ الْمُحْرِمُ نَعْلَيْنِ لَبِسَ خُفَّيْنِ وَإِذَا لَمْ يَجِدْ إِزَارًا لَبِسَ سَرَاوِيل»

### বাংলা

২৬৭৯-[২] ’আব্দুল্লাহ ইবনু ’আব্বাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে এক বক্তৃতায় বলতে শুনেছি, তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেছেনঃ মুহরিম যদি জুতা না পায় তবে মোজা পরতে পারবে এবং সেলাইবিহীন লুঙ্গি না পায় তবে পাজামা পরতে পারবে। (বুখারী, মুসলিম)[1]

### ফুটনোট

[1] সহীহ : বুখারী ১৮৪১, মুসলিম ১১৭৮, ইবনু আবী শায়বাহ্ ১৫৭৭৯, মু‘জামুল কাবীর লিত্ব ত্ববারানী ১২৮০৯, সুনানুল কুবরা লিল বায়হাক্বী ৯০৬৬।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: (إِذَا لَمْ يَجِدِ الْمُحْرِمُ نَعْلَيْنِ لَبِسَ خُفَّيْنِ) অর্থাৎ- মুহরিম যদি দু’ জুতা না পায় বা পরতে না পারে তাহলে অধিকাংশ ‘উলামার মত হচ্ছে তিনি দু’টি মোজা পায়ের তলদেশ থেকে ছেড়ে তা ব্যবহার করবেন তবে ইমাম আহমাদ বিন হাম্বল বলেছেন ভিন্ন কথা।

(وَإِذَا لَمْ يَجِدْ إِزَارًا لَبِسَ سَرَاوِيْلَ) অর্থাৎ- যখন লুঙ্গি পাবে না তখন পায়জামা পরবে। এখান থেকে বুঝা যায় লুঙ্গি না পাওয়া গেলে পায়জামা পরা বৈধ এবং সেক্ষেত্রে কোন ফিদিয়া দেয়া আবশ্যক হবে না। এটাই মত দিয়েছেন ইমাম আহমাদ ও ইমাম শাফি‘ঈ (রহঃ), তবে ইমাম আবূ হানীফা বলেছেন পায়জামা সাধারণতই তথা সব সময়েই নিষেধ আর এ ধরনের বক্তব্য ইমাম মালিক (রহঃ)-এরও। তার এরূপ বক্তব্য দেয়ার কারণ সম্ভবত তার নিকট

ইবনু ‘আব্বাস (রাঃ) কর্তৃক বর্ণিত হাদীসটি পৌছায়নি। যেমনঃ তার প্রমাণ মুয়াত্ত্বায় পাওয়া যায়, ইমাম মালিক-কে জিজ্ঞেস করা হলো, ‘‘মুহরিম যখন লুঙ্গি না পাবে তখন পায়জামা পরবে’’ নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছিল এমনটা উল্লেখ করেছেন- এ ব্যাপারে আপনার মতামত কি? তখন তিনি বলেছিলেন,

لم اسمع بهذا ولا ارى ان يلبس المحرم سروايل لأن رسول الله ﷺ نهى

অর্থাৎ- আমি এমন কথা শুনিনি আর আমি মনে করি না যে, মুহরিম পায়জামা পরতে পারেন কারণ এ ব্যাপারে নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিষেধ আছে। যে হাদীসটি ইবনু ‘উমার (রাঃ) থেকে বর্ণিত। সুতরাং যদি লুঙ্গি না পাওয়া গেলে পায়জামা পরার বিধান থাকতো তাহলে নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তা জানিয়ে দিতেন।

ইমাম ইবনু ‘আবদুল বার (রহঃ) বলেন, ‘আত্বা বিন আবী রিবাহ, শাফি‘ঈ ও তার ছাত্ররা, সাওরী, আহমাদ বিন হাম্বল, ইসহাক বিন রহ্ওয়াহি, আবূ সাওর ও দাঊদ সবাই বলেছেন, اذا لم يجد المحرم ازارا لبس السروايل ولا شيئ عليه অর্থাৎ- মুহরিম যদি লুঙ্গি না পায় তাহলে পায়জামা পরবে এতে তার কোন ফিদিয়া দিতে হবে না। আর ইমাম নাবাবী (রহঃ) বলেছেন- এটাই জমহূর ‘উলামায়ে কিরামের ফাতাওয়া।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=57239

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন